

নিয়োগ সংক্রান্ত বিবরণ : সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অধীনস্থ একটি স্বায়ত্ত্বাস্থির সংস্থা হিসেবে ২০০০ সন থেকে কমিউনিটি চালিত উন্নয়ন (সিডিডি) প্রক্রিয়ার মাধ্যমে গ্রামীণ দারিদ্র বিমোচনে বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। উল্লেখ্য, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় "সাসটেইন্যাবল কোস্টাল অ্যান্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট (এসসিএমএফপি)" শীর্ষক প্রকল্পটি ০৫(পাঁচ) বছর মেয়াদী প্রকল্প বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পের ১,২ এবং ৪ নং কম্পোনেন্ট ০৩ (তিনি) টি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে এবং কম্পোনেন্ট-৩ এসডিএফ কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। এসডিএফ "সাসটেইন্যাবল কোস্টাল অ্যান্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট (এসসিএমএফপি)" শীর্ষক প্রকল্প এর কম্পোনেন্ট-৩ অর্থাৎ "কমিউনিটি এমপাওয়ারমেন্ট অ্যান্ড লাইভলিভডস" -এর আওতায় উপকূলীয় জেলাসমূহের নির্বাচিত গ্রামে প্রকল্পভুক্ত কর্মকাণ্ড সিডিডি প্রক্রিয়া অনুসরণে বাস্তবায়ন করছে। "সাসটেইন্যাবল কোস্টাল অ্যান্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট (এসসিএমএফপি)" শীর্ষক প্রকল্প এর কম্পোনেন্ট-৩ বাস্তবায়নের লক্ষ্যে আঞ্চলিক ফিশারিশ কো-ম্যানেজমেন্ট এন্ট্রপার্ট (ভোলা) অফিসের জন্য একজন সৎ ও যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। দরখাস্ত পাঠাবার শর্তাবলী:

১. আবেদনকারীর নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, জন্ম তারিখ, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, পদের নাম, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (CV)-সহ সকল সার্টিফিকেটের অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও সম্পত্তি তোলা দুই কপি পাসপোর্ট সাইজের ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে। ফিশারিজ কো-ম্যানেজমেন্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের স্ব-স্ব কাজ বাস্তবায়নের ধরণ ও কী কী কাজ করেছেন সে সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা (৩০০-৪০০ শব্দের) আবেদন পত্রের সাথে সংযুক্ত করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
২. সংশ্লিষ্ট পদের TOR সহ বিস্তারিত তথ্য জানার জন্য www.sdfbd.org -web-site টি visit করুন।
৩. খামের উপরে পদের নাম উল্লেখ করে আগ্রহী প্রার্থীকে আগামী ১৮-০১-২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), ২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ বরাবরে জমা প্রদান নিশ্চিত করতে হবে।
৪. বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৫. এসডিএফ-এ কর্মরাত কোন কর্মকর্তা/কর্মচারিয়ের আবেদন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রেরণ করতে হবে।
৬. প্রাথমিক বাছাই-এর পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের যথাযথ নিয়মানুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।
৭. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৮. মহিলা প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
৯. মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানদের ক্ষেত্রে প্রচলিত নিয়ম অনুযায়ী অগ্রাধিকার প্রদান করা হবে।
১০. কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল করার সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১১. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা পরীক্ষা গ্রহণ করতে বাধ্য থাকবেন না।

ব্যবস্থাপনা পরিচালক

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

২২/২২ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।